গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৬-১৬৮ তারিখঃ ১৭-০৫-২০১৭

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৩-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ( মার্চ/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৩-০৪-২০১৭ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (মার্চ/২০১৭ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ( মে,২০১৭) মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ২০-০৫-২০১৭ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৭ (সাত) পাতা।


১৭/৫/১৭
(মোঃ আব্দুর রশিদ)
উপ-পরিচালক (পরশিদ(আঃদাঃ)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov,com


**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০৪। প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৫। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৬। উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
০৭। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৮। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৩-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (মার্চ/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : দুপুর ১২.০০ ঘটিকা।
তারিখ : ২৩ এপ্রিল , ২০১৭ খ্রিঃ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-‘ক’ ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ২০-০৩-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২০-০৩-২০১৭ তারিখে অনুষ্ঠিত ফেব্রয়ারী, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২০-০৩-২০১৭ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২:** ২০-০৩-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২০-০৩-২০১৭ তারিখে অনুষ্ঠিত ফেব্রয়ারী, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির চাহিত অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণ বিষয়ে রংপুর বিভাগের দিনাজপুর জেলা, খুলনা বিভাগের সাতক্ষিরা এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা হতে তথ্য পাওয়া যায়নি। এছাড়া এসেম্বল সেন্টারের জন্য ঢাকা বিভাগের ঢাকা, নরসিংদী, চট্রগ্রাম বিভাগের কুমিল্লা, রংপুর বিভাগের রংপুর ও দিনাজপুর, খুলনা বিভাগের সাতক্ষিরা এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা হতে পাওয়া যায়নি।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, প্রকল্পের কার্যক্রম স্থানীয় ও জাতীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রকল্পের অধীনে নির্মিত ২টি নতুন চালুকৃত শস্যগুদাম প্রকল্প সমাপ্তির পর অধিদপ্তরের চলমান শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত প্রস্তাব ইতোমধ্যে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে এবং প্রকল্পের আওতায় চালুকৃত শস্যগুদামের মালামাল-এর পূর্ণাঙ্গ ইনভেন্টরী করে অতিসত্বর সদর দপ্তরে প্রেরণ করা হবে। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আরএডিপি এর বিপরীতে ১৮ এপ্রিল, ২০১৭ পর্যন্ত ৭৮.৪৯% অগ্রগতি হয়েছে।

প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্প সভাকে জানান যে, প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সফটওয়্যার খাতে বরাদ্দকৃত অর্থে সফটওয়্যার নির্মাণের জন্য Requirments of Softwere সংক্রান্ত কার্যক্রম নিয়ে দরপত্রের কার্যক্রম চলমান আছে। প্রকল্পের কার্যক্রম বিষয়ে নিয়মিতভাবে পত্রিকায়/বিভিন্ন প্রতিষ্ঠানের/ সংগঠনের স্যুভিনিউরে প্রকাশ করা হচ্ছে এবং কৃষি তথ্য সার্ভিসে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি আরো জানান, প্রকল্পের অধীনে নির্মিত শস্যগুদামগুলো প্রকল্প সমাপ্তির পর অধিদপ্তরের চলমান শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত প্রস্তাব দেয়া হয়েছে। এবং প্রকল্পের আওতায় সংগৃহীত মেশিনারীগুলোতে প্রকল্পের নাম খোদাইপূর্বক মেশিনগুলো চালু করার উদ্যোগসহ একটি ব্যবহার নির্দেশিকা

তৈরি করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করার বিষয়ে প্রচেষ্টা অব্যাহত আছে।

প্রকল্প পরিচালক (অঃ দাঃ), সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) সভাকে অবহিত করেন যে, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার এসেম্বল সেন্টার নির্মাণ কাজের কলাম ঢালাই কার্যক্রম চলমান আছে। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের টেন্ডার আহবান করা হয়েছে। সার্ভে কার্যক্রমের বাজার তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান আছে এবং ভিডিও ডকুমেন্টারী নির্মাণের শুটিং কার্যক্রম শুরু হয়েছে। প্রকল্প কার্যক্রম স্থানীয় ও জাতীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করার বিষয়ে প্রচেষ্টা অব্যাহত আছে।

এনসিডিপি বাজার বিষয়ে উপ-পরিচালক, রাজশাহী সভাকে জানান যে, সমাপ্ত এফএমজি কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় করা হচ্ছে এবং ইতোমধ্যে অবিতরণকৃত ১০টি ভ্যানের মধ্যে জয়পুরহাট জেলায় ০৪টি ভ্যান বিতরণ করা হয়েছে এবং অবশিষ্ট ০৬টি ভ্যান বিতরণের চেষ্টা অব্যাহত আছে।

"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"এর কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, কর্মসুচীর কার্যক্রম বাস্তবায়নের জন্য ইতোমধ্যে জাতীয় পত্রিকা সমকাল, ইত্তেফাক, আমাদের সময়, বাংলাদেশ প্রতিদিন, নিউজ টুডে ও দি নিউ নেসনসহ স্থানীয় পত্রিকা যুগের আলো, দৈনিক দাবানল, দৈনিক পরিবেশ ও রংপুর চিত্র পত্রিকায় প্রচারের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর কার্যক্রমের ভিডিও চিত্র চ্যানেল 24 ও মাছরাঙ্গা টেলিভিশনে দিন ব্যাপী প্রচার করা হয়।কর্মসুচীর পিপিএনবি অনুযায়ী ৪০টি উপজেলায় ৮০টি কৃষক বিপণন দল গঠন করা হবে। তন্মধ্যে ৭০টি কৃষক বিপণন দল গঠন ও অনুমোদন করা হয়েছে। অবশিষ্ট ১০টি দল গঠনের কার্যক্রম চলমান রয়েছে। দলগঠন সম্পন্ন হলে যাচাই বাছাই ও যথাযথ অনুমোদন প্রক্রিয়ার পর সদর দপ্তরে প্রেরণ করা হবে। ২০১৬-১৭ অর্থ বছরে এ-খাতে চতুর্থ কিস্তির বরাদ্দ প্রাপ্তি ও অর্থ ছাড় সাপেক্ষে প্রর্দশনী বোর্ড তৈরী ও স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হবে। সে লক্ষ্যে ইতোমধ্যে টেন্ডার আহবানের জন্য ব্যয় প্রাক্কলন অনুমোদনের নিমিত্ত সদর দপ্তরে পত্র দেয়া হয়েছে। ৪র্থ কিস্তির অর্থ প্রাপ্তি সাপেক্ষে মে, ২০১৭ মাসের মধ্যে মডেল ঘর নির্মাণ, টেন্ডার আহবানসহ সকল কার্যক্রম সম্পাদন করা সম্ভব হবে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন এবং পূর্ববর্তী সভার যে সকল সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | পূর্ববর্তী সকল সভার যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা প্রকল্প/কর্মসূচি পরিচালক |

**৩। আলোচ্য বিষয়-৩:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

**৩.১:** সভাকে অবহিত করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপিতে ৩টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে মোট আরএডিপিতে ৭২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে ইতোমধ্যে উক্ত বরাদ্দের বিপরীতে মোট ৭০৩.৫০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে এপ্রিল/২০১৭ পর্যন্ত সর্বমোট ৫৮৮.৯৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৮১.২৪%। এছাড়াও "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী" এর আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সংশোধিত ৫৭.০০ লক্ষ টাকা বরাদ্দ এর বিপরীতে ৫৭.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে এপ্রিল/২০১৭ পর্যন্ত সর্বমোট ১৪.৩৯৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ২৪.৪০%।

**৩.২** অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় উল্লিখিত প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তি সাপেক্ষে বিষয়ে অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণ বিষয়ে রংপুর বিভাগের দিনাজপুর জেলা ,খুলনা বিভাগের সাতক্ষিরা এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা হতে তথ্য পাওয়া যায়নি। এছাড়া এসেম্বল সেন্টারের জন্য ঢাকা বিভাগের ঢাকা, নরসিংদী,

চট্টগ্রাম বিভাগের কুমিল্লা, রংপুর বিভাগের রংপুর ও দিনাজপুর, খুলনা বিভাগের সাতক্ষিরা এবং বরিশাল বিভাগের বরিশাল জেলার জেলা বাজার কর্মকর্তাগণ বারবার তাগিদ দেয়ার পর তথ্য প্রদান না করায় তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এবং আগামী ২০শে মে/২০১৭ তারিখের মধ্যে তথ্য প্রদান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.২.১** | অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত সবুজ পাতাভূক্ত প্রস্তাবিত প্রকল্পের অন্তর্ভূক্ত জেলাসমূহে (জেলা সদর ছাড়াও নিকটবর্তী উপজেলা) জমি প্রাপ্তির বিষয়ে রংপুর বিভাগের দিনাজপুর জেলা ,খুলনা বিভাগের সাতক্ষিরা এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা হতে তথ্য পাওয়া যায়নি। এছাড়া এসেম্বল সেন্টারের জন্য ঢাকা বিভাগের ঢাকা, নরসিংদী, চট্টগ্রাম বিভাগের কুমিল্লা, রংপুর বিভাগের রংপুর ও দিনাজপুর, খুলনা বিভাগের সাতক্ষিরা এবং বরিশাল বিভাগের বরিশাল জেলার জেলা বাজার কর্মকর্তাগণ বারবার তাগিদ দেয়ার পর তথ্য প্রদান না করায় তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আগামী ২০শে মে/২০১৭ তারিখের মধ্যে তথ্য প্রদান করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |

**৩.৩: মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন (১ম সংশোধিত) (ডিএএম অংশ) প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপি অনুযায়ী মোট বরাদ্দ ১১০.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ মোট ৮৮.৫০ লক্ষ টাকা ছাড় হয়েছে যার বিপরীতে এপ্রিল/২০১৭ পর্যন্ত ৮৭.১৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৭৯.২৫%। প্রকল্পটি যেহেতু ২০১৬-১৭ অর্থ বছরে শেষ হবে সেহেতু স্থানীয় ও জাতীয় পত্রিকায় প্রকল্পের কার্যক্রম প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশ দেন। আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করতে সভাপতি মহোদয় জোর তাগিদ প্রদান করেন। প্রকল্পের অধীনে নির্মিত শস্যগুদামগুলো প্রকল্প সমাপ্তির পর অধিদপ্তরের চলমান শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত শস্যগুদামের মালামাল-এর পূর্ণাংগ ইনভেন্টরী এবং প্রকল্পের কোথায় কোন মালামাল আছে তার তথ্য সদর দপ্তরে প্রেরণ করতে প্রকল্প পরিচালককে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের ব্যবহৃত মটরসাইকেল গুলো বর্তমানে যেখানে ব্যবহৃত হচ্ছে সেখানেই ব্যবহৃত হবে এবং তার তালিকা সদর দপ্তরে প্রেরণ করতে প্রকল্প পরিচালককে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৩.১** | প্রকল্পের কার্যক্রম স্থানীয় ও জাতীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৩.২** | প্রকল্পের অধীনে নির্মিত শস্যগুদামগুলো প্রকল্প সমাপ্তির পর অধিদপ্তরের চলমান শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত শস্যগুদামের মালামাল-এর পূর্ণাংগ ইনভেন্টরী এবং প্রকল্পের কোথায় কেন মালামাল আছে তার তথ্য সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৩.৩** | প্রকল্পের ব্যবহৃত মটরসাইকেল গুলো বর্তমানে যেখানে ব্যবহৃত হচ্ছে সেখানেই ব্যবহৃত হবে, তবে তথ্য সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৩.৪** | প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |

**৩.৪: পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপি অনুযায়ী মোট বরাদ্দ ২৮১.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ২৮১.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে। এপ্রিল/২০১৭ পর্যন্ত ২৩৮.২১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৮৪.৭৭%। প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সফটওয়্যার খাতে বরাদ্দকৃত অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করার জন্য ডিপিপি সংস্থানের

আলোকে সফটওয়ার তৈরীর টেন্ডার কার্যক্রম দ্রুত শেষ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পটি যেহেতু ২০১৬-১৭ অর্থ বছরে শেষ হবে সেহেতু স্থানীয় ও জাতীয় পত্রিকায় প্রকল্পের কার্যক্রম প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশ দেন। প্রকল্পের অধীনে নির্মিত শস্যগুদামগুলো ও এফএমজি গুলো প্রকল্প সমাপ্তির পর অধিদপ্তরের চলমান শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত প্রস্তাব দিতে এবং সংস্কারকৃত শস্যগুদামগুলো ধারাবাহিকভাবে চলমান রাখার নিমিত্ত অগ্রীম ভাড়া প্রদানের কার্যক্রম গ্রহণ করতে প্রকল্প পরিচালককে সভাপতি নির্দেশ প্রদান করেন। এসকল বিষয় সংশ্লিষ্ট ডিএমওকে অবহিত করতে হবে। প্রকল্পের আওতায় সংগৃহীত মেশিনারীগুলোর একটি ব্যবহার নির্দেশিকা তৈরী করতে সভাপতি পুনরায় নির্দেশ প্রদান করেন। এছাড়া খুলনা বিভাগীয় কার্যালয়ে প্রকল্পের অর্থায়নে একটি সাব মিটার প্রতিস্থাপন করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করার বিষয়ে সভাপতি মহোদয় পুনরায় জোর তাগিদ প্রদান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৪.১** | ২০১৬-১৭ অর্থ বছরে সফটওয়্যার খাতে বরাদ্দকৃত অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করার জন্য ডিপিপি সংস্থানের আলোকে সফটওয়ার তৈরীর টেন্ডার কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। | উপ-পরিচালক(পিপি),ও<br>প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৪.২** | প্রকল্পের কার্যক্রম স্থানীয় ও জাতীয় পত্রিকায় অথবা ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৪.৩** | প্রকল্পের অধীনে নির্মিত শস্যগুদামগুলো ও এফএমজি গুলো প্রকল্প সমাপ্তির পর অধিদপ্তরের চলমান শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত প্রস্তাব দিতে এবং সংস্কারকৃত শস্যগুদামগুলো ধারাবাহিকভাবে চলমান রাখার নিমিত্ত অগ্রীম ভাড়া প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৪.৪** | প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৪.৫** | প্রকল্পের আওতায় সংগৃহীত মেশিনারীগুলোর একটি ব্যবহার নির্দেশিকা তৈরী করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৪.৬** | খুলনা বিভাগীয় কার্যালয়ে প্রকল্পের অর্থায়নে একটি সাব মিটার প্রতিস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |

৩.৫: **"সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৩৩৪.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৩৩৪.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে। এপ্রিল/২০১৭ পর্যন্ত ২৬৩.৫৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৭৮.৫৮%। মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী এলজিইডিকে তাগিদ প্রদান অব্যাহত রাখতে সভাপতি মহোদয় নির্দেশ দেন। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী প্রস্তুত করার নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম তদারকি করতে সভাপতি মহোদয় জোর তাগিদ প্রদান করেন। ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপি'র মূলধন খাতের বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যবহার নিশ্চিত করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। সভাপতি প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করতে পুনরায় জোর তাগিদ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| **ক্রঃ নং** | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৫.১** | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু করার জন্য এলজিইডিকে তাগিদ প্রদান অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক,<br>আইসিআইএসআরপি (ডিএম অংগ) |

| | | |
|---|---|---|
| **৩.৫.২** | সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| **৩.৫.৩** | ২০১৬-১৭ অর্থ বছরে আরএডিপি'র মূলধন খাতের বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| **৩.৫.৪** | প্রকল্পের কার্যক্রম স্থানীয় ও জাতীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| **৩.৫.৫** | প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |

**৩.৬: এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়ে** সমাপ্ত এফএমজি কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং বগুড়া ও নাটোরে অবিতরনকৃত ৬টি ভ্যান পার্শ্ববর্তী জেলায় যোগাযোগ করে দ্রুত বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে বিভাগীয় উপ- পরিচালক,রংপুরকে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত পেশ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। এনসিডিপি মার্কেটসমূহ স্থানীয় এলাকার নাম অনুসারে নামকরণ করতে ও পরিচালনায় কৃষি বিপণন অধিদপ্তরের নাম উল্ল্যেখ করে প্রতিটি মার্কেটের সম্মুখভাগে নামফলক স্থাপনের ব্যবস্থা করতে এবং এনসিডিপি মার্কেটসমূহে সংশ্লিষ্ট ডিএমও/এমআই গণকে প্রতি সপ্তাহে অন্তত ১দিন উপস্থিত হয়ে বাজার সংযোগ, প্রশিক্ষণ ও অন্যান্য বিষয়াবলী সম্পাদন করতে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালককে তদারকি অব্যাহত রাখতে সভাপতি পুনরায় নির্দেশ দেন। এছাড়া ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্তনুয়ায়ী বন্ধ এনসিডিপি মার্কেট চালুকরণের জন্য প্রাপ্ত পত্রের মর্মানুয়ায়ী আগামী সভার পূর্বেই মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে সভাপতি নির্দেশ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৬.১** | কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং অবিতরণকৃত ভ্যানগুলো চাহিদা অনুযায়ী বিভিন্ন জেলায় দ্রুত বিতরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী |
| **৩.৬.২** | রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি বন্ধ মার্কেট চালুকরণ/বিকল্প ব্যবহার প্রসঙ্গে মেয়র, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর বরাবর পুনরায় পত্র প্রেরণ করতে হবে এবং প্রেরিত পত্রের প্রত্যুত্তরের পর মন্ত্রনালয়ে প্রেরণযোগ্য একটি পূর্নাংগ প্রতিবেদন প্রস্তুত করে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রংপুর |
| **৩.৬.৩** | এনসিডিপি মার্কেটসমূহ স্থানীয় এলাকার নাম অনুসারে নামকরণ করতে হবে এবং পরিচালনায় কৃষি বিপণন অধিদপ্তরের নাম উল্ল্যেখ করে প্রতিটি মার্কেটের সম্মুখভাগে নামফলক স্থাপনের ব্যবস্থা করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী ও রংপুর |
| **৩.৬.৪** | এনসিডিপি মার্কেটসমূহে সংশ্লিষ্ট ডিএমও/এমআই গণকে প্রতি সপ্তাহে অন্তত ১দিন উপস্থিত হয়ে বাজার সংযোগ, প্রশিক্ষণ ও অন্যান্য বিষয়াবলী সম্পাদন করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী ও রংপুর |

৩.৭: **"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"** বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরে সংশোধিত মোট বরাদ্দ ৫৯.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৫৯.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে এপ্রিল/২০১৭ পর্যন্ত সর্বমোট ১৪.৩৯৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ২৪.৪০%। ২০১৬-১৭ অর্থ বছরের নিধারিত ২০ টি আলুর মডেল ঘর আগামী মে/২০১৭ মাসের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করে চলতি মৌসুমে আলু সংরক্ষণে যথাযথ পরিকল্পনা গ্রহণ ও আলুর ঘরগুলো যথাযথ ব্যবহারের উদ্দেশ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করেন। কর্মসূচির সকল প্রচার

প্রচারণামূলক কার্যক্রম ও পত্রিকার কার্টিং গুলো একত্রিত করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করতে হবে। সভাপতি মহোদয় কর্মসূচির কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশোধিত বরাদ্দের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করতে পুনরায় জোর তাগিদ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৭.১** | কর্মসূচীর আওতায় যেসকল কৃষক বিপণন দল ইতোমধ্যে গঠন করা হয়েছে এবং ভবিষ্যতে হবে তার তথ্য পূর্বের প্রেরিত ছক মোতাবেক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৩.৭.২** | যে সকল এলাকায় ইতোমধ্যে আলুর ঘর নির্মাণ করা হয়েছে এবং ভবিষ্যতে নির্মাণ করা হবে উক্ত ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ পূর্বক একটি প্রদর্শনী বোর্ড লাগাতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৩.৭.৩** | ২০১৬-১৭ অর্থ বছরের নিধারিত ২০ টি আলুর মডেল ঘর আগামী মে/২০১৭ মাসের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করে চলতি মৌসুমে আলু সংরক্ষণে যথাযথ পরিকল্পনা গ্রহণ ও আলুর ঘরগুলো যথাযথ ব্যবহারের উদ্দেশ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৩.৭.৪** | কর্মসূচির সকল প্রচার প্রচারণামূলক কার্যক্রম ও পত্রিকার কাটিং গুলো একত্রিত করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষশ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |

**৩.৮: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। অর্থ বছরের (২০১৫-১৬) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পে দরপত্রের কার্যদেশ আবশ্যিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে এবং সকল ক্রয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, জুন,২০১৭ এ সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ নির্দিষ্ট মেয়াদে সমাপ্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৮.১** | ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নির্মাণ কাজের টেন্ডারসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| **৩.৮.২** | সকল দরপত্রের কার্যাদেশ অনুযায়ী কর্ম সম্পাদনের উদ্যোগ নিতে হবে। এছাড়া, জুন,২০১৭ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ নির্দিষ্ট মেয়াদে সমাপ্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

**৪-বিবিধঃ** প্রত্যেক প্রকল্প পরিচালক কর্তৃক সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

বাংলাদেশের চলমান কৃষি উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখা এবং তা আরও গতিশীল করে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার ৯৯.৫০ শতাংশের উপরে নিয়ে যাবার জন্য মাননীয় কৃষি মন্ত্রীর নির্দেশনামতে বরাদ্দকৃত অর্থের যথোপযুক্ত ও সময়ানুগ ব্যবহার নিশ্চিত করার জন্য জরুরী পদক্ষেপ নিতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান

করেন। ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো কিভাবে চালু করা যায় তার একটি নীতিমালা তৈরী করার জন্য বিভাগীয় উপ-পরিচালকগণকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী সকল কার্যক্রম জুন, ২০১৭ এর মধ্যে শতভাগ সম্পন্ন করে সংশ্লিষ্ট প্রমাণকসহ প্রতিবেদন দাখিল করতে ও APA সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা সমূহের অগ্রগতি সন্তোষজনক না হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করেন। জেলা অফিসে যে সকল ডিএমও/এমআইগণ পরিবার নিয়ে বসবাসরত আছেন তাদের পরিবার অফিস থেকে স্থানান্তর করতে এবং যে সকল জেলা অফিসসমূহ জনমানবশূন্য/গলির ভিতরে অবস্থিত সে সকল অফিসসমূহ জনবহুল এলাকায় স্থানান্তর করতে সভাপতি জোর তাগিদ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার ৯৯.৫০ শতাংশের উপরে নিয়ে যাবার জন্য মাননীয় কৃষি মন্ত্রীর নির্দেশণামতে বরাদ্দকৃত অর্থের যথোপযুক্ত ও সময়ানুগ ব্যবহার নিশ্চিত করার জরুরী পদক্ষেপ নিতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.২ | সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা নির্মাণ, পণ্য সংগ্রহ সংস্কার মূলক কার্যক্রম গ্রহণ ও কৃষক দল গঠন করা হয়েছে তার পুর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করতে পুনরায় তাগিদপত্র প্রদান করতে হবে । | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.৩ | আঞ্চলিক ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো চালু এবং ব্যবহার বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রনয়ণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে সদর দপ্তরে দাখিল করতে হবে। এছাড়া যে সকল বিভাগে মেশিনারী আছে উক্ত মেশিনারীগুলোর তালিকা প্রস্তুত করে সুনির্দিষ্ট মতামতসহ একটি নীতিমালা প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাঃ) |
| ৪.৪ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী সকল কার্যক্রম জুন, ২০১৭ এর মধ্যে শতভাগ সম্পন্ন করতে হবে এবং সংশ্লিষ্ট প্রমাণকসহ প্রতিবেদন দাখিল করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.৫ | APA সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা সমূহের অগ্রগতি সন্তোষজনক না হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.৬ | ইতোপূর্বে কৃষি বিপণন অধিদপ্তরের জেলা অফিসসমূহের সম্মুখভাগে লাগানোর জন্য সাইনবোর্ডের যে ফরম্যাট প্রদান করা হয়েছে তা অনতিবিলম্বে বাস্তবায়ন করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |
| ৪.৭ | জেলা অফিসে যে সকল ডিএমও/এমআইগণ পরিবার নিয়ে বসবাসরত আছেন তাদের পরিবার অফিস থেকে স্থানান্তর করতে হবে এবং যেসকল জেলা অফিসসমূহ জনমানবশূন্য/গলির ভিতরে অবস্থিত সেসকল অফিসসমূহ জনবহুল এলাকায় স্থানান্তর করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |
| ৪.৮ | প্রতিটি জেলার বিপণন সম্পর্কিত তথ্যাবলী সম্বলিত দেয়ালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট জেলা মার্কেটিং অফিসে স্থাপন করতে হবে এবং সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।